# বরিশাল বোর্ড-২০১৬

## ফিন্যান্স, ব্যাংকিং ও বিমাঃ দ্বিতীয় পত্র

বিষয় কোড : | ২ | ৯ | ৩ |

### সৃজনশীল প্রশ্ন

সময়– ২ ঘণ্টা ১০ মিনিট পূর্ণমান– ৬০

*[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। যেকোনো ছয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

**১.▶** জনগণ যাতে ব্যাংক থেকে অধিক সেবা পেতে পারে সে বিষয়ে কেন্দ্রীয় ব্যাংক সতর্ক। গ্রাহকদের পক্ষে ব্যাংকগুলো অর্থ আদায় ও পরিশোধ করছে। শেয়ার ক্রয়-বিক্রয় করছে, অর্থ ও সম্পদের নিরাপদ সংরক্ষণ করছে। এছাড়াও কত কাজ। কেন্দ্রীয় ব্যাংক তা তদারক করে। বাংলাদেশ ব্যাংক লক্ষ করছে কতিপয় ব্যাংক তাদের মূল কাজের বাইরে গিয়ে শেয়ার বাজারে অধিক বিনিয়োগ করছে। অধিক ঝুঁকিপূর্ণ খাতে ঋণ দিচ্ছে। যথাযথভাবে প্রভিশন সংরক্ষণ করছে না। তাই ব্যাংকগুলোর বিরুদ্ধে কেন্দ্রীয় ব্যাংক শক্ত ব্যবস্থা নিতে যাচ্ছে।

ক. ব্যাংকিং কী? ১

খ. শাখা ব্যাংকিং বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে ব্যাংকের উল্লিখিত কাজগুলো কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. ব্যাসেল-২ এর নির্দেশনাই কেন্দ্রীয় ব্যাংককে শক্ত ব্যবস্থা নিতে বাধ্য করছে– তুমি কি এ বক্তব্য সমর্থন করো? ৪



**২.▶** মি. মজুমদার যে ব্যাংকে লেনদেন করেন সেই ব্যাংকটি একটি বড় ব্যাংকের সাথে তালিকাভুক্ত। ব্যাংকটি ঐ ব্যাংকের নানান নিয়ম ও খবরদারি মেনে চলে। ব্যাংকটি তার সংগৃহীত আমানতের ৫% নগদে ও ১৫% ট্রেজারি বিল কিনে বড় ব্যাংকটিতে জমা রাখে এবং প্রয়োজনে ঋণ নেয়। বিপদের মুহূর্তে বড় ব্যাংকটি মজুমদারের ব্যাংকের পাশে এসে দাঁড়ায়।

ক. কোন ব্যাংককে Mother of Central Bank বলে? ১

খ. নিকাশ ঘর বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বড় ব্যাংক বলতে কোন ব্যাংককে ইঙ্গিত করা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. মি. মজুমদারের ব্যাংকটি তার প্রকৃতি ও প্রয়োজনের কারণেই বড়

ব্যাংকের নিয়ম ও খরবদারি মেনে চলে- এ বক্তব্যের সাথে কি তুমি একমত? মতের সপক্ষে যুক্তি দাও। ৪

৩.▶ মি. স্বপন তার সম্পত্তি বন্ধক রেখে দীর্ঘমেয়াদি ঋণ নিতে চান। তিনি যে ব্যাংকে টাকা জমা রাখেন সেই ব্যাংকের ম্যানেজারকে এ কথা জানানো হলো। ম্যানেজার সাহেব বললেন যে, তারা দীর্ঘমেয়াদে ঋণ দেন তবে তা খুবই সীমিত। কারণ তাদের তহবিলের মুখ্য অংশ হলো চাহিদা আমানত। আমানতকারীদের উত্থাপিত চেক যাতে কখনো ফেরত না যায় এ বিষয়ে ব্যাংক খুবই সতর্ক থাকে। ম্যানেজার সাহেবের কথা শুনে প্রথমত কিছুটা আহত হলেও মি. স্বপন মনে করছেন এ কথাগুলোর পিছনে তারও স্বার্থ রয়েছে।

ক. ব্যাংক কী? ১

খ. ই-ব্যাংকিং বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের ব্যাংকটি কার্যাবলির ভিত্তিতে কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'ব্যাংকটি যে নীতির ওপর চলছে তা মি. স্বপনের স্বার্থ রয়েছে'- এ উক্তিটির যথার্থতা বিশ্লেষণ করো। ৪

৪.▶ মোসলেম সাহেব স্বল্প বেতনে চাকরি করেন। ভবিষ্যতের চিন্তা করে প্রতি মাসে কিছু অর্থ ব্যাংক হিসাবে জমা করেন। এ হিসাব হতে তিনি কিছু লাভ পেয়ে থাকেন। প্রয়োজনে টাকা উত্তোলন করেন। এবার তিনি ক্রীড়া উন্নয়ন তহবিলের লটারি কিনলেন। ঈদের পূর্বে সৌভাগ্যক্রমে লটারি থেকে ২০ লক্ষ টাকা পুরস্কার পেলেন। এখন তিনি ভাবছেন আপাতত ব্যাংকে বেশি আয়ের একটি হিসাব খুলবেন।

ক. চলতি হিসাব কী? ১

খ. একটি ব্যবসায়ের জন্য কোন ধরনের হিসাব উত্তম? ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে মি. মোসলেম ব্যাংকে কোন ধরনের হিসাব খুলেছেন? ব্যাখ্যা করো।৩

ঘ. মি. মোসলেম লটারির টাকা কোন হিসাবে রাখার বিষয়ে ভাবছেন? এর পক্ষে যুক্তি দাও। ৪

৫.▶ ফাতেমাকে তার বাবা কলেজে আসার সময় ৫ টাকা ও ১০ টাকার কয়েকটি নোট দিলেন। সে দেখল এতে বাংলাদেশ ব্যাংকের লোগো ব্যবহৃত হয়েছে এবং তাতে বাংলাদেশ ব্যাংকের গভর্নরের স্বাক্ষর রয়েছে। সে বাসে যেতে তার ব্যাগ থেকে একটা নোট বের করল যার ওপর গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার লেখা এবং অর্থসচিব এতে স্বাক্ষর করেছেন।

ক. পে-অর্ডার কী? ১

খ. ব্যাংক ড্রাফট বলতে কী বোঝায়? ২

গ. ফাতেমা পরবর্তীতে যে নোট ব্যাগ থেকে বের করেছে তা কোন ধরনের নোট? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'বড় ধরনের লেনদেনে বাবা প্রদত্ত নোট ফাতেমার নিকট থাকা নোট অপেক্ষা অধিক গুরুত্বপূর্ণ'- বক্তব্যের সত্যতা মূল্যায়ন করো। ৪

**৬.** ▶ জনাব ইকবাল তার দেনাদার মি. আবদাল বরাবর ২০,০০০ টাকার একটা দলিল তৈরি করতে গিয়ে লিখলেন- অদ্য থেকে ২ মাস পরে আপনার কাছে বিক্রীত পণ্যের মূল্য বাবদ জনাব জাভেদকে অথবা তার আদেশানুসারে ২০,০০০ টাকা মাত্র প্রদান করুন। তৈরির পর তিনি মি. আবদালের নিকট দলিলটি পাঠিয়ে তাতে স্বীকৃতিসূচক স্বাক্ষর সংগ্রহ করলেন এবং জনাব জাভেদকে দিলেন। জনাব জাভেদ যথারীতি পিছনে স্বাক্ষর করে তা জনাব হাবীবকে প্রদান করলেন। জনাব হাবীব তা তার ব্যাংক থেকে বাট্টাকরণ করতে চাইছে।

ক. বাহক চেক কী? ১

খ. বিনিময় বিল বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে জনাব জাভেদ হস্তান্তরযোগ্য দলিলের কোন পক্ষ ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব হাবীবের নাম দলিলের উপরিভাগে না থাকার পরও ব্যাংক কী দলিলটি বাট্টাকরণ করবে? যুক্তি প্রদর্শন করো। ৪

**৭.** ▶ মি. ভট্টাচার্য একটা জীবন বিমাপত্র খুলেছিলেন আজ থেকে ২০ বছর আগে। প্রিমিয়াম দিয়ে যেতে হবে যতদিন তিনি বেঁচে থাকেন। এখন আর তিনি সেটা চালাতে পারছেন না। তিনি বিমা কর্মকর্তার সাথে দেখা করলেন। কর্মকর্তা বললেন আপনি কিছু টাকা নিয়ে চলে যান, আপনাকে আর প্রিমিয়াম দিতে হবেন না। তিনি এ কথা শোনার পর মনে কষ্ট পাচ্ছেন।

ক. প্রিমিয়াম কী? ১

খ. জীবন বিমাকে নিশ্চয়তার পত্র কেন বলা হয়? ২

গ. মি. ভট্টাচার্য কোন ধরনের বিমাপত্র সংগ্রহ করেছেন তা ব্যাখ্যা করো। ৩

ঘ. বিমা কর্মকর্তা মি. ভট্টাচার্যকে যে পরামর্শ দিয়েছেন তার যৌক্তিকতা ব্যাখ্যা করো। ৪

৮.▶ আমিনা একজন স্কুলপড়ুয়া ছাত্রী। একদিন সে তার মায়ের সাথে নিউমার্কেটে কেনাকাটা করতে গেল। কেনাকাটার মাঝামাঝিতে আমিনার মায়ের কাছে টাকা শেষ হয়ে গেল। তখন তিনি ডাচ-বাংলা ব্যাংকের নিউমার্কেট শাখার একটি বুথে গিয়ে টাকা তুললেন। আমিনা দেখল যে, তার মা এক ধরনের প্লাস্টিকের কার্ড একটি মেশিনের ভেতরে প্রবেশ করালেন এবং নির্দিষ্ট পরিমাণ টাকা বের হয়ে এলো। আমিনা তার মাকে জিজ্ঞেস করল মেশিনের মধ্যে এমন কী আছে যে টাকা দেয়? তখন আমিনার মা বললেন এটি একটি স্বয়ংক্রিয় মেশিন, যা দ্বারা কোনো ব্যাংক কর্মকর্তার সহায়তা ছাড়াই দিনরাত ২৪ ঘণ্টা টাকা উত্তোলন করা যায়।

ক. ডেবিট কার্ড কী? ১
খ. ইলেকট্রনিক ব্যাংকিং বলতে কী বোঝায়? ২
গ. আমিনার মা যে মেশিনটির মাধ্যমে টাকা উত্তোলন করলেন সেটি সম্পর্কে ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের স্বয়ংক্রিয় মেশিনটি ব্যাংকিং কার্যাবলিকে কীভাবে সহজ করেছে বলে তুমি মনে করো? ব্যাখ্যা করো। ৪

৯.▶ জনাব সালেক ও জনাব মালেক দুজনই বৈদেশিক ব্যবসায়ের সাথে সম্পর্কযুক্ত। প্রথমজন ভোজ্যতেল আমদানিকারক আর অপরজন গার্মেন্টস ব্যবসায়ী। ব্যাংক জনাব সালেকের পক্ষে এক ধরনের পত্র ইস্যু করে না পাঠালে বিদেশি রপ্তানিকারক পণ্য পাঠায় না। প্রতিনিয়ত এরূপ পত্র সংগ্রহের ঝামেলা থেকে পরিত্রাণের জন্য জনাব সালেক এক ধরনের পত্র সংগ্রহ করেছেন। অন্যদিকে জনাব মালেক তার অনুকূলে ইস্যুকৃত বিদেশি আমদানিকারক প্রেরিত পত্র ব্যাংকে বন্ধক রেখে তার বিপক্ষে প্রয়োজনীয় কাপড় ও অন্যান্য পণ্য আমদানির জন্য নতুন পত্র সংগ্রহ করেন।

ক. বৈদেশিক বিনিময় হার কী? ১
খ. ফ্যাক্টরিং বলতে কী বোঝায়? ২
গ. জনাব সালেক কর্তৃক সংগৃহীত প্রত্যয়পত্র কোন ধরনের? তা ব্যাখ্যা করো। ৩
ঘ. 'জনাব মালেকের সংগৃহীত প্রত্যয়পত্র তার ব্যবসায়ের প্রকৃতির সাথে সামঞ্জস্যপূর্ণ'- এ বক্তব্যের যৌক্তিকতা মূল্যায়ন করো। ৪

# ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা: দ্বিতীয় পত্র

## বহুনির্বাচনি প্রশ্ন

বিষয় কোড : | ২ | ৯ | ৩ |

সময়– ৪০ মিনিট    পূর্ণমান– ৪০

[ বিশেষ দ্রষ্টব্য ঃ সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রের প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান-১ ]

১. নিচের কোন প্রকারের বিমা ক্ষতিপূরণের বিমা?
ⓚ জীবন ⓚ নৌ
ⓖ ব্যক্তিগত ⓖ আজীবন

১. নিচের কোন প্রকারের বিমা ক্ষতিপূরণের বিমা?
(ক) জীবন (খ) নৌ
(গ) ব্যক্তিগত (ঘ) আজীবন

২. বিমাযোগ্য স্বার্থ হলো–
(ক) আর্থিক স্বার্থ (খ) প্রত্যক্ষ স্বার্থ
(গ) নিজ স্বার্থ (ঘ) পরোক্ষ স্বার্থ

৩. অগ্নিজনিত ক্ষতির প্রত্যক্ষ কারণ কোনটির?
(ক) ফাটল (খ) বিস্ফোরণ
(গ) অবহেলা (ঘ) অপরিকল্পিত নির্মাণ

৪. নৌ বিমায় একটি সম্পত্তির বিমাকৃত মূল্য ৫০,০০০ টাকা। ক্ষতির পরিমাণ ২০,০০০ টাকা। ক্ষতি সংঘটনকালে সম্পত্তির বাজার মূল্য ১,০০,০০০ টাকা হলে জাহাজটির সমন্বিত ক্ষতি কত হবে?
(ক) ১০,০০০ টাকা (খ) ২০,০০০ টাকা
(গ) ৩০,০০০ টাকা (ঘ) ৪০,০০০ টাকা

৫. পুনর্বিমার মুখ্য উদ্দেশ্য কোনটি?
(ক) মুনাফা বৃদ্ধি (খ) গ্রাহক সন্তুষ্টি অর্জন
(গ) ঝুঁকি হ্রাস (ঘ) আস্থা পুনঃপ্রতিষ্ঠা

৬. ৬০,০০০ টাকা মূল্যের বাড়িটা একটা গড়পড়তা বিমাপত্রের অধীনে ৪০,০০০ টাকায় বিমা করা হয়। বাড়িটা আগুনে নষ্ট হয়ে যায় এবং প্রকৃত ক্ষতির পরিমাণ দাঁড়ায় ২৪,০০০ টাকা। বিমাগ্রহীতা এ ক্ষতির জন্য বিমাকারীর নিকট থেকে কত টাকা আদায় করতে পারবে?
(ক) ১০,০০০ টাকা (খ) ১৬,০০০ টাকা
(গ) ২০,০০০ টাকা (ঘ) ৩৬,০০০ টাকা

৭. অগ্নিজনিত ক্ষতির নৈতিক কারণগুলো হলো–
i. শত্রু কর্তৃক অগ্নিসংযোগ
ii. অবহেলা
iii. স্বেচ্ছাপ্রণোদিত অগ্নিসংযোগ
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

৮. দায় পরিশোধে সামর্থ্য বাণিজ্যিক ব্যাংকের কোন ধরনের নীতি?
(ক) সচ্ছলতার নীতি (খ) নিরাপত্তার নীতি
(গ) তারল্যের নীতি (ঘ) সুনামের নীতি

৯. 'লয়েডস' শব্দটির সাথে কোন বিমা জড়িত?
(ক) জীবন (খ) নৌ (গ) অগ্নি (ঘ) দায়

১০. কোনটি ব্যাংকের ঋণকৃত তহবিল?
(ক) পরিশোধিত মূলধন (খ) সাধারণ সঞ্চিতি
(গ) বিধিবদ্ধ সঞ্চিতি (ঘ) গ্রাহক আমানত

১১. সরকারি নোটে কে স্বাক্ষর করেন?
(ক) অর্থমন্ত্রী (খ) প্রধানমন্ত্রী
(গ) অর্থসচিব (ঘ) গভর্নর

১২. বাংলাদেশে ১৯৯১ খ্রিস্টাব্দে প্রবর্তিত গুরুত্বপূর্ণ আইন কোনটি?
(ক) কোম্পানি আইন
(খ) হস্তান্তরযোগ্য দলিল আইন
(গ) ব্যাংক কোম্পানি আইন
(ঘ) বিমা আইন

১৩. বাণিজ্যিক ব্যাংকের কাজ হলো–
i. আমানত সংগ্রহ ii. ঋণদান
iii. ঝুঁকি বণ্টন
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৪. মি. চৌধুরী একজন আমদানি ও রপ্তানিকারক। তিনি একটি ব্যাংকে হিসাব খুলতে চান। তার জন্য উত্তম ব্যাংক বাছাইয়ের বিবেচ্য হলো–
i. ব্যাংকের অবস্থান
ii. ব্যাংকের আমানত সংগ্রহের সামর্থ্য
iii. বৈদেশিক বাণিজ্যে ঋণ
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৫. বাংলাদেশ ব্যাংকের প্রধান নির্বাহী কে?
(ক) মহাব্যবস্থাপক (খ) ব্যবস্থাপক, প্রশাসন
(গ) সি.ই.ও (ঘ) গভর্নর

১৬. নিচের কোনটি বাণিজ্যিক ব্যাংকের প্রতিনিধিত্বমূলক কাজ?
(ক) আমানত সংগ্রহ (খ) অর্থ স্থানান্তর
(গ) বিল বাট্টাকরণ (ঘ) চেকের অর্থসংগ্রহ

১৭. SLR শব্দ সংক্ষেপের পুরো শব্দ কোনটি?
(ক) Statutory Liquidity Reserve
(খ) Standard Liquidity Reserve
(গ) Statutory Liquidity Requirement
(ঘ) Standard Liquidity Rate

১৮. কেন্দ্রীয় ব্যাংকের কাজ হলো–
i. ঋণদান ও ঋণের তত্ত্বাবধান
ii. মূলধন গঠন ও বিনিয়োগ
iii. নোট ও মুদ্রার প্রচলন
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii
(গ) ii ও iii (ঘ) i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দাও।
বাংলাদেশে ফেডারেল ব্যাংক লি. একটি অতি পরিচিতি একটি প্রতিষ্ঠান। এ ব্যাংক মুনাফা অর্জনের উদ্দেশ্যে বিভিন্ন ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করে। সরকারও ব্যাংকটিকে গুরুত্ব প্রদান করে। মূলধন গঠনে এ ব্যাংক গুরুত্বপূর্ণ ভূমিকা রেখে চলেছে।

১৯. ফেডারেল ব্যাংক বাংলাদেশে কোন ধরনের ব্যাংক?
(ক) সরকারি (খ) একক
(গ) বাণিজ্যিক (ঘ) আমানতী

২০. ফেডারেল ব্যাংক মূলধন গঠনে কীভাবে সাহায্য করে?
(ক) সঞ্চয় সংগ্রহের মাধ্যমে
(খ) সঞ্চয় সংগ্রহ ও ঋণদানের মাধ্যমে
(গ) সঞ্চয় সংগ্রহ ও বিনিয়োগের মাধ্যমে
(ঘ) ঋণদান ও বিনিয়োগের মাধ্যমে

২১. ATM হলো–
(ক) Automatic Taka Machine
(খ) Automated Teller Machine
(গ) Accounts Transfer Machine
(ঘ) Automatic Transfer Method

২২. হাফিজ সাহেব লটারিতে ৫,০০,০০০ টাকা বিজয়ী হন। নিজ নামে ব্যাংকে কোন ধরনের হিসাব খোলা তার জন্য অধিক সুবিধাজনক?
ক সঞ্চয়ী খ চলতি
গ বিশেষ চলতি ঘ স্থায়ী

২৩. নিচের কোনটি সাধারণত হস্তান্তর অযোগ্য ঋণের দলিল?
ক পে-অর্ডার খ ব্যাংকের আজ্ঞাপত্র
গ চেক ঘ বিনিময় বিল

**উদ্দীপকটি পড়ো এবং ২৪ ও ২৫ নং প্রশ্নের উত্তর দাও।**
জনাব ইসলাম কয়লা কিনতে সিলেট যাবেন। তিনি ব্যাংক থেকে একটি ১০ লক্ষ টাকার দলিল সংগ্রহ করেছেন, যা দলিলে উল্লিখিত ব্যাংকের শাখায় নিয়ে ভাঙাবেন।

২৪. জনাব ইসলাম ব্যাংক থেকে কোন ধরনের দলিল সংগ্রহ করেছেন?
ক ব্যাংক নোট খ ব্যাংকের আজ্ঞাপত্র
গ পে-অর্ডার ঘ চেক

২৫. উদ্দীপকে উল্লিখিত দলিলের বৈশিষ্ট্য হলো—
i. এটি হস্তান্তর অযোগ্য দলিল
ii. এতে আদেষ্টা ও আদিষ্ট উভয়ই ব্যাংক
iii. এরূপ দলিল বাট্টাকরণ করা যায় না
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

২৬.
১ এন্ড কোং
২ প্রাপকের হিসাব
৩ হস্তান্তরযোগ্য নহে
৪ সোনালী ব্যাংক লি.

উপরের কোনটি বিশেষভাবে দাগকাটা চেক?
ক ১ খ ২ গ ৩ ঘ ৪

২৭. ব্যাংকের নিকট কোন জামানতটি উত্তম?
ক স্থায়ী আমানত রসিদ খ শেয়ার
গ ঋণপত্র ঘ ব্যক্তিক গ্যারান্টি পত্র

**উদ্দীপকটি পড়ো এবং ২৮ ও ২৯ নং প্রশ্নের উত্তর দাও।**
পোশাক রপ্তানিকারক মি. কাইয়ুমের ব্যাংকে ৫০ লক্ষ টাকা জমা আছে। নতুন অর্ডারের জন্য টাকার প্রয়োজন হওয়ায় ব্যাংকের নিয়ম-কানুন অনুসরণ করে তিনি ব্যাংক থেকে ৮০ লক্ষ টাকা উত্তোলন করেন।

২৮. মি. কাইয়ুমের ৩০ লক্ষ টাকা ঋণ কোন ধরনের ঋণ?
ক ব্যবসায় ঋণ খ জমাতিরিক্ত ঋণ
গ বন্ধকি ঋণ ঘ নগদ ঋণ

২৯. এ ঋণ গ্রহণের ফলে বৃদ্ধি পাবে—
i. প্রতিষ্ঠানের সুনাম ii. দেশের কর্মসংস্থান
iii. বিনিময় হার
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩০. আমদানি অপেক্ষা রপ্তানি বেশি হলে ঘটবে?
ক দেশীয় মুদ্রার চাহিদা বিদেশে বৃদ্ধি পাবে
খ বিনিময় হার প্রতিকূল হবে
গ দেশীয় মুদ্রার চাহিদা বিদেশে হ্রাস পাবে
ঘ মুদ্রাস্ফীতির পরিমাণ বৃদ্ধি পাবে

৩১. প্রত্যয়পত্র কার পক্ষে ইস্যু করা হয়?
ক ব্যাংক খ আদিষ্ট
গ আমদানিকারক ঘ রপ্তানিকারক

৩২. বাংলাদেশ থেকে বিদেশে অর্থ প্রেরণের মাধ্যম হলো—
i. ক্রেডিট কার্ড ii. ই-মেইল
iii. বৈদেশিক বিনিময় বিল
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩৩. PIN কী?
ক Private Identification Number
খ Personal Identification Number
গ Public Identification Number
ঘ Personnel Identification Number

৩৪. শাখা ব্যাংকের সুবিধা হচ্ছে—
i. অধিক আমানত ii. অধিক ব্যয়
iii. বেশি মুনাফা
নিচের কোনটি সঠিক?
ক i ও ii খ i ও iii
গ ii ও iii ঘ i, ii ও iii

৩৫. কোন বিমাকে নিশ্চয়তার চুক্তি বলা হয়?
ক জীবন খ নৌ
গ অগ্নি ঘ শস্য

৩৬. নিচের কোনটি বিমা চুক্তির বৈশিষ্ট্য?
ক আর্থিক প্রতিরক্ষা
খ নিরাপত্তা ও বিনিয়োগের সুযোগ
গ সঞ্চয় সৃষ্টি ও মূলধন গঠন
ঘ বৃদ্ধ বয়সের অবলম্বন

৩৭. মৃত্যুহার পঞ্জি হলো—
ক জনপ্রতি মৃত্যুর হার খ বিমাকৃত ব্যক্তির সংখ্যা
গ বার্ষিক মৃত্যুর সংখ্যা ঘ হাজারপ্রতি মৃত্যু হার

৩৮. বিমাপত্র সমর্পণ করলে কী ধরনের প্রতিদান মূল্য পাওয়া যায়?
ক বোনাস খ সমর্পণ মূল্য
গ ভাবীস্বত্ব ঘ প্রতিদান মূল্য

**উদ্দীপকটি পড়ো এবং ৩৯ ও ৪০ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. সওদাগর আমদানি ব্যবসায় করেন। রপ্তানিকারক জাহাজে পণ্য পাঠিয়ে চালানের সাথে বিমা খরচ অন্তর্ভুক্ত করেন এবং তা মি. সওদাগর বরাবর পাঠিয়ে থাকেন।

৩৯. রপ্তানিকারক মাল পাঠানোর সময় কোন ধরনের বিমা করেন?
ক জাহাজ বিমা খ দুর্ঘটনা বিমা
গ নৌ বিমা ঘ রপ্তানি বিমা

৪০. রপ্তানিকারক কর্তৃক সংগৃহীত বিমার বিষয়বস্তু কোনটি?
ক পণ্য খ জাহাজ গ মাসুল ঘ দায়

| উত্তরমালা | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ খ | ২ ক | ৩ গ | ৪ ঘ | ৫ গ | ৬ খ | ৭ গ | ৮ ক | ৯ খ | ১০ ঘ | ১১ গ | ১২ গ | ১৩ ক | ১৪ খ | ১৫ ঘ | ১৬ ঘ | ১৭ ক | ১৮ খ | ১৯ গ | ২০ গ |
| | ২১ খ | ২২ ঘ | ২৩ ক | ২৪ খ | ২৫ ক | ২৬ খ | ২৭ ক | ২৮ খ | ২৯ ক | ৩০ ক | ৩১ গ | ৩২ গ | ৩৩ খ | ৩৪ খ | ৩৫ ক | ৩৬ ক | ৩৭ ঘ | ৩৮ খ | ৩৯ গ | ৪০ ক |